

ডিনের কার্যালয়  
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ  
উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র ভবন (১০ম তলা)  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১০০০, বাংলাদেশ



Office of the Dean  
Faculty of Engineering and Technology  
Centre for Advanced Research in Sciences Bhabon (9<sup>th</sup> Fl)  
University of Dhaka  
Dhaka-1000, Bangladesh

ক্রমিক নং: প্রযুক্তি/২০১৯-২০

তারিখ: ১৬ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ  
৩১ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

‘প্রযুক্তি’ ইউনিট ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০

## **‘প্রযুক্তি’ ইউনিটে ভর্তির তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি-৫**

প্রযুক্তি ইউনিটভুক্ত সরকারী এবং বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজে (ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, জাতীয় বস্ত্র প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউট (নিটার), শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কে এম হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ এবং ঢাকা ইঞ্জিনিয়ারিং কলেজ) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের বি.এসসি ইঞ্জিনিয়ারিং ১ম বর্ষে ভর্তির জন্য যে সকল প্রার্থীরা বিষয় ও প্রতিষ্ঠান মনোনয়ন পেয়েছে, তাদেরকে ০১/০১/২০২০ তারিখ থেকে ০৮/০১/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ভর্তির জন্য প্রার্থীদের (১) Transcript Received/Photocopy Received সীলযুক্ত ‘প্রযুক্তি ইউনিট’ এর মূল প্রবেশপত্র, (২) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রার্থীদের যে বিষয় মনোনয়ন দেয়া থাকবে তার একটি প্রিন্ট কপি এবং (৩) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্ধারিত ভর্তি ফি (স্ব স্ব প্রতিষ্ঠান থেকে জেনে নিতে হবে) এবং (৪) ট্রান্সক্রিপ্ট জমা দেয়ার সময় ডিন অফিস থেকে সরবরাহকৃত তালিকায় উল্লেখিত অন্যান্য কাগজপত্র নিয়ে যেতে হবে।

যাদের মনোনিত বিষয় আসেনি তাদের মনোনিত বিষয় এবং কোটায় যারা আবেদন করেছে ও সাক্ষাৎকারে অংশগ্রহণ করেছে তাদের মনোনিত বিষয় ০৯/০১/২০২০ তারিখের পর অনলাইনে লগ-ইন করে জানতে পারবে।

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি হলে অটো মাইগ্রেশন চালু থাকবে। কেউ যদি মাইগ্রেশন বন্ধ করতে চায় তাহলে তাকে ডিন অফিসে উপস্থিত হয়ে আবেদন করতে হবে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. মোঃ হাসানুজ্জামান)

ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ

এবং সমন্বয়কারী

‘প্রযুক্তি’ ইউনিট ভর্তি পরীক্ষা: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয়।